ঝিনাইদহ ক্যাডেট কলেজ দাওয়াত দিয়ে সাংবাদিকদের প্রবেশে বাধা দেয়ার অভিযোগ

ঝিনাইদহ ক্যাডেট কলেজে আন্তঃক্যাডেট কলেজ ফুটবল প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে সাংবাদিকদের দাওয়াত দিয়েও অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে না দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ঝিনাইদহের সংবাদকর্মীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে ঝিনাইদহ ক্যাডেট কলেজে এ ঘটনা ঘটে।

ক্ষুব্ধ সংবাদকর্মীরা জানান, গত ১০ অক্টোবর ঝিনাইদহ ক্যাডেট কলেজে আন্দঃক্যাডেট কলেজ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। ওই অনুষ্ঠানে জেলার কয়েকজন সংবাদকর্মীকে আমন্ত্রণ জানায় ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ। এছাড়াও কলেজ কর্তৃপক্ষ ও যশোর ক্যান্টনমেন্ট থেকে তিন জন তিন দিন করে তদন্ত করে চিঠি করে দাওয়াত দেওয়া হয় সাংবাদিকদের। পরে প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয় ১৫ অক্টোবর বৃহস্পতিবার। সমাপনী অনুষ্ঠানেও সাংবাদিকদের চিঠি দিয়ে আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রণপত্র পেয়ে দুপুরে সংবাদকর্মীরা ক্যাডেট কলেজ গেটে উপস্থিত হন। এ সময় সাংবাদিকদের প্রবেশের অনুমতি নেই, জানিয়ে তাদের কে ক্যাডেট কলেজ ছাড়তে বলা হয়। এ ঘটনায় জেলার সংবাদকর্মীদের মাঝে ক্ষোভ ছড়িয়ে পড়ে।

ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি বাংলাভিশনের জেলা প্রতিনিধি আসিফ ইকবাল মাখন বলেন, বিষয়টি অত্য দুঃখজনক। সাংবাদিকদের আমন্ত্রণ জানিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে না দেয়ার ঘটনায় নিন্দা জানাই। এ ঘটনায় সংশ্লিষ্টদের কাছে তদন্তের দাবি জানাচ্ছি। সেই সাথে ক্যাডেট কলেজের সকল সংবাদ বর্জনের ঘোষণাও দেন।

এদিকে জেলা প্রেসক্লাবের সভাপতি এনটিভির স্টাফ রিপোর্ট মিজানুর রহমান জানান, কলেজ কর্তৃপক্ষ সাংবাদিকদের দাওয়াত দেওয়ার আগে বিভিন্নভাবে তদন্ত করে চিঠি দিয়ে দাওয়াত দিয়েছে। এরপর সাংবাদিকদের প্রবেশ করতে না দেওয়া অত্যান্ত দুঃখজন। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। অবশ্যই সাংবাদিকদের সাথে এমন আচরণের ঘটনার তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করার জোর দাবি জানাচ্ছি। এ বিষয়ে জানতে ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলামের

সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ বিষয়ে অ্যাডজুটেন্টের সঙ্গে কথা বলুন। আমন্ত্রণ জানানোর বিষয়টি আমার জানা নেই।

ঝিনাইদহ ক্যাডেট কলেজে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতে কাপছে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষ। তীব্র এই শীতে সমাজের নিম্ন আয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহ ক্যাডেট কলেজ এক্স-ক্যাডেট এসোসিয়েশন (জেক্সকা)’র উদ্দ্যোগে ৫’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

আজ রোববার (২২ ডিসেম্বর) দুপুরে ঝিনাইদহ ক্যাডেট কলেজ প্রাঙ্গণে এ কম্বল বিতরণের আয়োজন করে জেক্সকা।

কম্বল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন সংগঠনের সাধারণ সম্পাদক গালিব মোহাম্মদ। সেসময় কলেজের অধ্যক্ষ কর্ণেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, এ্যাডজুটেন্ট মেজর সরফরাজ নেওয়াজ, জেক্সকার সহ-সভাপতি ডাঃ আবুল বাসার, আল মেহের, সাংস্কৃতিক সম্পাদক ডা. বাপ্পা, সদস্য নাহিদুর রহমান, আরশাদ পারভেজসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় শহরের বিভিন্ন এলাকার ৫’শাতধিক অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন।

ঝিনাইদহ ক্যাডেট কলেজের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গতকাল বুধবার বিকালে সমাপনী দিনে পুরুষ্কার বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে বিজয়ী ক্যাডেটদের হাতে পুরুষ্কার তুলে দেন বাংলাদেশ সেনাবহিনীর ইঞ্চিনিয়ারিং ইন চিপ মেজর জেনারেল ইফতেখার আনিস।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, এ্যাডজুটেন্ট মেজর মোঃ মাঈনুল হোসেন, মেডিকেল অফিসার ক্যাপ্টেন মোহাইমেনুল ইসলাম মাহমুদ।

এছাড়া সমাপনী অনুষ্ঠানে ক্যাডেটদের অভিভাবক শিক্ষকমন্ডলী ও অতিথিগন উপস্থিত ছিলেন। প্রতিযোগিতায় ক্যাডেটরা ৩৩টি ইভেন্টে অংশ গ্রহন করে বদর হাউজ চ্যাম্পিয়ান ও খায়বার হাউজ রানার্সআপ হয়।

প্রধান অতিথি মেজর জেনারেল ইফতেখার আনিস ক্যাডেটবৃন্দের লেখাপড়া শেষ করে দেশপ্রেম এবং সততার সাথে দেশ ও জাতির কল্যানে নিজেদেরকে আত্ননিয়োগ করতে আহ্বান জানান।

ঝিনাইদহ ক্যাডেট কলেজের শতভাগ গোল্ডেন এ প্লাস

ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে শতভাগ গোল্ডেন এ প্লাস পেয়েছে। রোববার প্রকাশিত এইচএসসি এর ফলাফল থেকে এসব তথ্য জানা যায়।

ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান জানান, চলতি বৎসর ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় ৪৬জন ক্যাডেট অংশ গ্রহন করেন। সকলেই গোল্ডেন এ প্লাস পেয়ে কৃতকার্য হয়।

ক্যাডেট কলেজ পরিবারের পক্ষ থেকে সকল ক্যাডেটদের উত্তরোত্তর সফলতা ও সমৃদ্ধি কামনা করা হয়।

স্মার্ট বাংলাদেশ গড়তে ক্যাডেটদের সুনাগরিক হয়ে গড়ে ওঠতে হবে

আগামী ৪১’ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশ হিসেবে গড়ে উঠবে। আর সেই বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে আমরা চলে যাব।

বর্তমান সরকার ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার চারটি ভিত্তি সফলভাবে বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। সেগুলো হল স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি।

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরে তরুণ এই ক্যাডেটদেরকে সৈনিক হিসেবে উল্লেখ করে সেনা প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়তে হলে তোমাদের স্মার্ট নাগরিক হিসেবে প্রস্তুত হতে হবে।’

এছাড়া ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠানে ক্যাডেটদের সুনাগরিক হিসেবে গড়ে উঠে ডিজিটাল বাংলাদেশের বদলে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে আহবান জানান সেনাবাহিনী প্রধান। বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ এক্স ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা) এর আয়োজনে তিনদিন ব্যাপি এ পূর্নমিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেনাপ্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ।

ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্ণেল এসএম রাকিব ইবনে রেজওয়ানের সভাপতিত্বে সেনা বাহিনীর বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীর পরিবারবর্গ অংশ নেয়। প্রধান অতিথি বৃক্ষরোপনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকতা শুরু করেন। এরপর বর্তমান শিক্ষার্থীরা গার্ড অব অনার প্রদান করেন। পরে কুচকাওয়াজ প্রদর্শন করেন বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা। ১৩তম পুনর্মিলনীর বিশালাকার কেক কাটেন প্রধান অতিথি।

ঝিনাইদহ ক্যাডেটের প্রাক্তন শিক্ষার্থী সেনা প্রধান জেনারেল এসএম